

# হিন্দু

## শিশুদের প্রার্থনা গাইড

## ১৮ দিনের প্রার্থনা

WWW.110CITIES.COM

# শিশুদের হিন্দু বিশ্ব প্রার্থণা গাইড-এ স্বাগত!


হিন্দু
শিশুদের প্রার্থণা গাইড
১৮ দিনের প্রার্থণা
WWW.110CITIES.COM

আমরা বিশ্বাস করি যে ঈশ্বর তাঁর সঙ্গে "মিশনে" থাকার জন্য সর্বত্র শিশুদের ডাকছেন। তারা বড়দের সঙ্গে বিশ্বব্যাপী প্রার্থণা এবং মিশন মুভমেন্ট-এ সমানভাবে যোগদান করছে।

এই শিশুদের হিন্দু প্রার্থনা গাইডটি শিশুরা (৬-১২ বছর বয়সী) এবং তাদের পরিবার যখন হিন্দু বিশ্বের জন্য ১৮ দিনের প্রার্থনায় অংশগ্রহণ করবে তখন তাদেরকে সাহায্য করার জন্য ডিজাইন করা হয়েছে। সারা বিশ্বের বিভিন্ন শহর ও দেশ থেকে অনেক শিশু আমাদের সাথে প্রার্থনা করার সময় যোগ দেবে এবং আমরা একসাথে প্রার্থণা করব।

- প্রতিটি দিন অন্যদের সাথে যীশুকে ভাগ করার জন্য একটি থিম অনুসরণ করবে।
- আমরা আপনাকে একটি শহরের সাথে পরিচয় করিয়ে দেব, সেই শহর সম্পর্কে এবং সেখানকার বাচ্চারা কী করতে পছন্দ করে তা নিয়ে কিছুটা বলব।
- আমরা আপনাকে কিছু প্রার্থণা দিয়ে শুরু করাব, আমরা যীশুর মধ্যে পাওয়া আশার বার্তার প্রতি মানুষের হৃদয় উন্মুক্ত করার জন্য ঈশ্বরকে অনুরোধ জানাব।
- আমরা যেসমস্ত শহর এবং মানুষ ও সম্প্রদায়ের জন্য প্রার্থণা করছি তাদের সম্পর্কে আরও তথ্য জানার জন্য লিঙ্ক দেওয়া রয়েছে।
- তারপরে আপনাকে গড়ে তোলার জন্য বাস্তব জীবনের বেশ কিছু উৎসাহজনক গল্প এখানে দেওয়া রয়েছে!
- আমরা প্রত্যেকদিন একটি প্রস্তাবিত কাজ দিয়ে শেষ করব।

**"ছোটো শিশুদের আমার কাছে আসতে দাও, এবং তাদের বাধা দিও না, কারণ স্বর্গ রাজ্য তাদের জন্যই।" প্রভু যীশু**
**-- ম্যাথিউ ১৯:১৪**



# এসে গেছে শিশুদের জন্য হিন্দু প্রার্থণা গাইড

হিন্দু

শিশুদের প্রার্থণা গাইড

১৮ দিনের প্রার্থণা

WWW.110CITIES.COM



## শিশুদের জন্য হিন্দু প্রার্থণা গাইড

এই গাইডের লক্ষ্য হল সারা বিশ্বের ৬-১২ বছর বয়সী শিশুদেরকে তাদের পরিবারের সাথে প্রার্থনা করতে সাহায্য করা, হিন্দু ধর্মের মানুষের জন্য প্রার্থনায় মনোযোগ কেন্দ্রীভূত করা। সারা বিশ্বজুড়ে প্রায় ২০০ মিলিয়নেরও বেশি মানুষ হিন্দুদের জন্য প্রার্থনা করবে।

আমরা সত্যিই আনন্দিত যে আপনি আমাদের সাথে যোগদান করছেন।

যীশুর মহৎ ভালোবাসা জানার উদ্দেশ্যে অন্যদের জন্য প্রার্থণা করার সময় পবিত্র আত্মা আপনাকে গাইড করুন এবং আপনার সঙ্গে কথা বলুন।

হিন্দু ধর্মের উৎপত্তি হয়েছিল খ্রীষ্টের জন্মের ২৫০০ বছর আগে। কেউই জানে না যে, কে আনুষ্ঠানিকভাবে এই ধর্মটি শুরু করেছিলেন, তবে পুরনো গ্রন্থগুলি থেকে যা পাওয়া যায় তা হিন্দু ধর্মের প্রাচীনতম বিশ্বাস এবং আচার-অনুষ্ঠান সম্পর্কে ধারণা দেয়। সময়ের সাথে সাথে, হিন্দু ধর্ম অন্যান্য ধর্মগুলি থেকে বিভিন্ন ধারণা গ্রহণ করতে শুরু করে, কিন্তু "ধর্ম", "কার্মা" এবং "সামসারা" এই মূল ধারণাগুলি এখনও একই রয়ে গেছে।

ধর্মঃ ধার্মিক জীবনযাপনের জন্য অবশ্যই একজনকে ভালো কাজগুলি করতে হবে
কার্মাঃ একটা বিশ্বাস যা বলে প্রত্যেককে কর্মের ফল ভোগ করতে হবে
সামসারা বা পুর্নজন্মঃ জন্ম, মৃত্যু এবং পুনরায় জন্মের চক্র

হিন্দুরা "পুনর্জন্ম"-তে বিশ্বাস করে, এই ধারণাটি হল এই যে, একজন ব্যক্তি মারা যাওয়ার পরে ভিন্ন আকারে ভিন্ন রূপে আবার জীবিত হয়ে উঠবে। তারা বিশ্বাস করে যে মৃত্যুর পরে একজন মানুষ কোন রূপ পাবে তা নির্ভর করে তারা তাদের "পুরনো বা আগের" জীবনে কতটা ভাল বা খারাপ ছিল তার উপর।

যে ব্যক্তি অনেক খারাপ কাজ করেছে সে একটি নীচ ইতর প্রাণী হিসাবে "পুনর্জন্ম" পাবে, অপরদিকে যে ব্যক্তি খারাপ কাজের চেয়ে অনেক বেশি ভাল কাজ করেছে সে আবার মানুষ হিসাবে জন্মগ্রহণ করতে পারবে। হিন্দুরা বিশ্বাস করে যে কোন মানুষ যদি সত্যিকারের ভাল হতে পারে তবেই তারা এই পুনর্জন্ম চক্র থেকে বেরিয়ে আসতে পারবে।

হিন্দুধর্মে অনেক ভিন্ন ভিন্ন দেবতাদের ("ঈশ্বর"-এর একটি অভিনব শব্দ) পূজা করা হয়। এটি বিশ্বের তৃতীয় বৃহত্তম ধর্ম এবং বেশিরভাগ হিন্দু ভারতবর্ষে বাস করে।

### শিশুদের জন্য আমাদের ২বিসি দৃষ্টিভঙ্গি

2 BILLION CHILDREN

www.2bc.world

### এই গাইডের মাধ্যমে আমাদের প্রার্থণায় আমরা দেখতে পাব...

শিশুরা তাদের স্বর্গীয় পিতার কণ্ঠস্বর শুনছে

শিশুরা খ্রীষ্টে তাদের পরিচয় জানছে

শিশুরা অন্যদের সাথে তাঁর ভালবাসা ভাগ করে নিতে ঈশ্বরের আত্মা দ্বারা অনুপ্রাণিত হচ্ছে

**প্রার্থণা গাইডের ছবিগুলি** - অনুগ্রহ করে মনে রাখবেন এই প্রার্থণা গাইডে যে সমস্ত ছবি ব্যবহার করা হয়েছে সেগুলি সবই ডিজিটাল পদ্ধতিতে তৈরি এবং শুধুমাত্র অলঙ্করণের জন্য ব্যবহৃত। এই ছবিগুলি কোনভাবেই নিবন্ধে উল্লিখিত ব্যক্তিদের সঙ্গে সম্পর্কিত নয়।

# যে সমস্ত শহরগুলিতে আমরা প্রতিদিন প্রার্থনা করছি






০১. দিল্লী - চামার সম্প্রদায়

০২. বারাণসী - ভোই সম্প্রদায়

০৩. কলকাতা - খান্ডেৎ সম্প্রদায়

০৪. মুম্বাই - রাজপুত সম্প্রদায়

০৫. বেঙ্গালুরু - তামিল মুসলিম সম্প্রদায়

০৬. ভোপাল - পানিকা সম্প্রদায়

০৭. জয়পুর - গুজ্জর সম্প্রদায়

০৮. অমৃতসর - পাঞ্জাবী সম্প্রদায়

০৯. প্রয়াগরাজ - হিন্দি নাঈ সম্প্রদায়

১০. মথুরা - জাঠ সম্প্রদায়

১১. শিলিগুড়ি - ছেত্রী সম্প্রদায়

১২. উজ্জয়ন - রাজপুত সম্প্রদায়

১৩. কানপুর - আনসারী সম্প্রদায়

১৪. লখনোউ - কুহমার সম্প্রদায়

১৫. হায়দ্রাবাদ - তেলেগু ব্রাহ্মণ সম্প্রদায়

১৬. আমেদাবাদ - ভীল সম্প্রদায়

১৭. শ্রীনগর - কাশ্মীরী সম্প্রদায়

১৮. চার ধাম - বাউরি সম্প্রদায়

# শিশুদের হিন্দু প্রার্থণা গাইডের জন্য দৈনিক থিম

হিন্দু
শিশুদের প্রার্থণা গাইড
১৮ দিনের প্রার্থণা
WWW.110CITIES.COM

১ম দিন - ঈশ্বরের প্রেমঃ যীশুর উপহার ভাগ করে নেওয়া (জন ৩:১৬)

২য় দিন - যীশুর দয়াঃ আনন্দ এবং সমবেদনা ভাগ করে নেওয়া (এফেসীয়ানস ৪:৩২)

৩য় দিন - ক্ষমা ভাগ করে নেওয়াঃ যীশুর উদাহরণ অনুসরণ করা (কলোসীয়ানস ৩:১৩)

৪র্থ দিন - আশা ভাগ করে নেওয়াঃ যীশু, অন্ধকারে আমাদের আলো (জন ১:৫)

৫ম দিন - বন্ধুত্ব ভাগ করে নেওয়াঃ যীশু, আমাদের চিরকালের বন্ধু (জন ১৫:১৩)

৬ষ্ঠ দিন - কৃতজ্ঞতা ভাগ করে নেওয়াঃ তাঁর আশীর্বাদের জন্য যীশুকে ধন্যবাদ দেওয়া (সাম ১০৭:১)

৭ম দিন - বিশ্বাস ভাগ করে নেওয়াঃ আমাদের জীবনের সঙ্গে যীশুকে বিশ্বাস করা (প্রবচন ৩:৫)

৮ম দিন - শান্তি ভাগ করে নেওয়াঃ যীশুর মধ্যে সান্ত্বনা খোঁজা (জন ১৪:২৭)

৯ম দিন - উদারতা ভাগ করে নেওয়াঃ যীশুর মত দান করা (২ করিন্থীয়ানস ৯:৭)

১০ম দিন - সাহস ভাগ করে নেওয়াঃ যীশুতে দৃঢ়ভাবে অবস্থান করা (ডিউটেরনমি ৩১:৬)

১১তম দিন - সত্য ভাগ করে নেওয়াঃ সুঃসংবাদটি ছড়িয়ে দেওয়া (ম্যাথিউ ২৭:১৯)

১২তম দিন - নম্রতা ভাগ করে নেওয়াঃ যীশুর মত অন্যদের সেবা করা (মার্ক ১০:৪৫)

১৩তম দিন - শক্তি ভাগ করে নেওয়াঃ যীশুর মধ্যে শক্তি খুঁজে নেওয়া (ফিলিপিয়ানস ৪:১৩)

১৪তম দিন - জ্ঞান ভাগ করে নেওয়াঃ যীশুর শিক্ষা থেকে শেখা (ম্যাথিউ ৭:২৪)

১৫তম দিন - একতা ভাগ করে নেওয়াঃ যীশুর মত অন্যদেরকে ভালোবাসুন (জন ১৩:৩৪)

১৬তম দিন - ধৈর্য্য ভাগ করে নেওয়াঃ যীশুর মত ঈশ্বরের সময়কে বিশ্বাস করা (সাম ২৭:১৪)

১৭তম দিন - প্রার্থণা ভাগ করে নেওয়াঃ আমাদের বন্ধু, যীশুর সাথে কথা বলা (ফিলিপিয়ানস ৪:৬)

১৮তম দিন - আনন্দ ভাগ করে নেওয়াঃ যীশুর ভালোবাসা এবং পরিত্রাণ উদযাপন (সাম ৫:১১)

## কে একজন হিন্দু?

সারা বিশ্বের জনসংখ্যার প্রায় ১৫% মানুষ হিন্দু হিসেবে চিহ্নিত। একজন হিন্দু পরিবারে জন্মগ্রহণ করে, এবং পরিবারের সবাই তাকে হিন্দু হিসেবেই মেনে নেয়।

সরকারী তথ্য অনুযায়ী প্রায় ২২টি পৃথক ভাষা রয়েছে, কিন্তু বেসরকারী তথ্য অনুযায়ী, প্রায় ১২০ টিরও বেশি ভাষায় কথা বলা হয় এবং একই ভাষার উচ্চারণগত পার্থক্য যুক্ত আরও অসংখ্য উপভাষা প্রচলিত রয়েছে।

এতগুলির মধ্যে মাত্র অর্ধেক ভাষাতেই বাইবেলের কিছু কিছু অংশ উপলব্ধ রয়েছে।



## ভারতের জাতিপ্রথা বা বর্ণপ্রথা

প্রায় ৩,০০০ বছরেরও বেশি আগে তৈরি হওয়া, বর্ণপ্রথা হিন্দুদের প্রধাণত পাঁচটি মূল বিভাগে বিভক্ত করে এবং আজকের এই আধুনিক ভারতেও তা একইভাবে সক্রিয়। কার্মা এবং পুনর্জন্ম হিন্দু ধর্মের বিশ্বাসের গভীরে প্রোথিত আছে, এই সামাজিক সংগঠনটি নির্দেশ করে দেয় মানুষ কোথায় থাকবে, কাদের সঙ্গে মেলামেশা করবে, এবং এমনকি কোন জায়গার জল পান করবে।

অনেকে বিশ্বাস করেন এই জাতিভেদ প্রথা তৈরি করেছেন স্বয়ং ব্রহ্মা, হিন্দুদের সৃষ্টির দেবতা।

### জাতিগুলি ব্রহ্মার দেহের উপর ভিত্তি করে তৈরি হয়েছেঃ

ব্রাহ্মণঃ এরা হল ব্রহ্মার দুই চোখ ও মন। ব্রাহ্মণরা প্রায়শই পুরোহিত বা শিক্ষক হয়।

ক্ষত্রিয়ঃ এরা হল ব্রহ্মার দুই বাহু। ক্ষত্রিয়রা হল “যোদ্ধা” জাতি, সাধারণত সেনাবাহিনী বা সরকারি দফতরে কাজ করে।

বৈশ্যঃ এরা হল ব্রহ্মার দুই পা। বৈশ্যরা সাধারণত কৃষক, বণিক বা ব্যবসায়ী হয়।

শূদ্রঃ এরা হল ব্রহ্মার দুই পায়ের পাতা। শূদ্ররা সাধারণত কায়িক পরিশ্রমের কাজ করে।

দলিতঃ এরা হল “অস্পৃশ্য” বা “অচ্ছুত”। দলিতরা জন্মসূত্রেই অপবিত্র এবং উঁচু জাতি বা বর্ণের কাছাকাছি থাকার অযোগ্য বলে মনে করা হয়।

যদিও প্রধান শহরগুলিতে এই জাতি বা বর্ণপ্রথা খুব কমই দেখা যায়, কিন্তু তবুও আছে। ভারতের গ্রামাঞ্চলে, এই জাতিপ্রথা এখনও খুব বেশি করেই দেখতে পাওয়া যায়। যা ঠিক করে দেয় একজন মানুষ কি চাকরি করতে পারবে, কার সঙ্গে কথা বলতে পারবে, এবং মানুষ হিসেবে তাদের কি অধিকার থাকবে।

# ভারতবর্ষের খ্রীস্টান গীর্জা

ভারতবর্ষে খ্রিস্ট ধর্ম শুরু হয় প্রাচীনকাল থেকে, যার শিকড় অ্যাপোস্টেল থমাস-এর সঙ্গে জড়িয়ে আছে, মনে করা হয় তিনি খ্রিস্টীয় প্রথম শতাব্দীতে মালাবার উপকূলে এসেছিলেন। শতাব্দীর পর শতাব্দী ধরে, ভারতের খ্রীস্টান গীর্জাগুলি একটি জটিল এবং বৈচিত্র্যময় ইতিহাসের অভিজ্ঞতা অর্জন করেছে, যা দেশের ধর্মীয় বৈচিত্র্যে নিজস্ব অবদান রেখেছে।

থমাস এখানে আসার পর, খ্রীস্ট ধর্ম ধীরে ধীরে ভারতের পশ্চিম উপকূলে ছড়িয়ে পড়তে শুরু করে। ১৫ শতকে পর্তুগীজ, ডাচ এবং ব্রিটিশ সহ ইউরোপীয় ঔপনিবেশিকদের উপস্থিতি, খ্রীস্টান ধর্মের বৃদ্ধিকে আরও প্রভাবিত করেছিল। ধর্মপ্রচারকরা গীর্জা, বিদ্যালয় এবং হাসপাতাল স্থাপনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল, যা ভারতের সামাজিক এবং শিক্ষাগত ব্যবস্থাকে প্রভাবিত করেছে।

বর্তমানে ভারতে জনসংখ্যার প্রায় ২.৩% গীর্জা প্রতিনিধিত্ব করে। এটি রোমান ক্যাথলিক, প্রোটেস্ট্যান্ট, অর্থোডক্স এবং স্বাধীন গীর্জা সহ বিভিন্ন সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে। কেরালা, তামিলনাড়ু, গোয়া এবং উত্তর-পূর্বের রাজ্যগুলিতে উল্লেখযোগ্য খ্রিস্টান উপস্থিতি রয়েছে।

বিশ্বের অনেক জায়গায় যেমন হয়, এখানেও কেউ কেউ যীশুকে অনুসরণ করতে বেছে নিয়েছেন কিন্তু সাংস্কৃতিকভাবে তারা নিজেদের হিন্দু হিসেবে চিহ্নিত করেন।

গীর্জা বৃদ্ধির ক্ষেত্রে যে সমস্ত প্রতিবন্ধকতাগুলি লক্ষ্যনীয় তার মধ্যে রয়েছে মাঝে মাঝে ঘটা ধর্মীয় অসহিষ্ণুতা এবং ধর্মান্তরকে আদিবাসী সংস্কৃতির জন্য হুমকি হিসেবে উপস্থাপিত করা। জাতিভেদ প্রথা নির্মূল করা কঠিন হয়েছে, এবং দেশের বর্তমান সরকার দেশের কিছু অংশে ঘটে চলা কুসংস্কার এবং নিপীড়নের পরিবেশকে ভীষণভাবে উপেক্ষা করে চলেছে।

# দিওয়ালি

## আলো এবং আনন্দের উৎসব

দিওয়ালি, যা দীপাবলি নামেও পরিচিত, হিন্দু সংস্কৃতিতে যে সমস্ত উৎসব সবচেয়ে বেশি উদযাপন করা হয় তার মধ্যে একটি। এই উৎসব হল অন্ধকারের ওপর আলোর বিজয় এবং অশুভের ওপর শুভ-এর প্রতীক। এই আনন্দময় উৎসব পরিবার, সম্প্রদায় এবং অঞ্চলগুলিকে একত্রিত করে, যা সুপ্রাচীন ঐতিহ্যকে সম্মান জানাতে, সবার মধ্যে খুশি ছড়িয়ে দিতে, এবং আধ্যাত্মিক পুর্ননবীকরণের জন্য এক প্রাণবন্ত পরিবেশ তৈরি করে।

হিন্দুদের জন্য, দিওয়ালি গভীর আধ্যাত্মিক এবং সাংস্কৃতিক তাৎপর্য নিয়ে আসে। এই উৎসব হল ভগবান বিষ্ণু-র সপ্তম অবতার, ভগবান রাম -এর বিজয় উৎসব, দানব রাজা রাবণকে হারিয়ে রামের বিজয় এবং ১৪ বছর বনবাসের পর অযোধ্যায় ফিরে আসার উৎসব। দিয়া বা প্রদীপ নামে তেলের বাতি জ্বালানো এবং আতশবাজি পোড়ানো হল প্রতীকী যা মন্দকে দূরে সরিয়ে, সুখ, সমৃদ্ধি এবং সৌভাগ্যকে আমন্ত্রণ জানায়। দিওয়ালি অন্যান্য ধর্মীয় প্রেক্ষাপটেও তাৎপর্য বহন করে, যেমন এই সময় দেবী লক্ষ্মীর আরাধনা করা হয়, যিনি হিন্দুদের সম্পদ এবং সমৃদ্ধির দেবী।

দিওয়ালি হিন্দু সম্প্রদায়ের কাছে আধ্যাত্মিক প্রতিফলন, পুর্ননবীকরণ এবং আনন্দের উৎসব। এটি অন্ধকারের ওপর আলোর, মন্দের ওপর ভালোর বিজয় এবং সেইসঙ্গে পারিবারিক ও সাম্প্রদায়িক বন্ধনের গুরুত্বকে প্রাধান্য দেয়। এই আলো এবং আনন্দের উৎসব মানুষদের কাছাকাছি নিয়ে আসে, সারা বছর ধরে প্রেম, প্রীতি এবং সৌহার্দ্য ছড়িয়ে দিতে অনুপ্রাণিত করে।





# ঈশ্বরের প্রেমঃ যীশুর উপহার ভাগ করে নেওয়া

## দিল্লী শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত চামার সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

দিল্লী হল একটি জমজমাট শহর যেখানে বড় বড় কেল্লা রয়েছে, রাস্তায় রাস্তায় মুখরোচক খাবারের দোকান রয়েছে এবং রংবেরঙের বাজার রয়েছে যেখানে চমৎকার সব জিনিসপত্র পাওয়া যায়।

### শিশুরা কি করতে পছন্দ করে...

আরভ ক্রিকেট খেলতে পছন্দ করে, অন্যদিকে আনায়া বলিউডের গানে নাচ করতে পছন্দ করে।

## দিল্লীর জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আমরা প্রার্থনা করি যে আপনার ভালবাসার সুসংবাদটি সমগ্র দিল্লি শহরে দাবানলের মতো ছড়িয়ে পড়ুক।

### প্রভু যীশু...

ভারতের রাজধানী শহর, দিল্লীকে অনুগ্রহ করে আশীর্বাদ করুন। আপনার সুসংবাদটি যেন এখানে বসবাসকারী লক্ষ লক্ষ শিশুদের মধ্যে ভাগ করে নেওয়া হয়।

### পবিত্র আত্মা...

আজ হারিয়ে যাওয়া মানুষের জীবনে অলৌকিক এবং বিস্ময়কর কাজ করুন এবং তাদের আপনার কাছে নিয়ে আসুন। লোকেরা যেন যীশুর নাম স্মরণ করে এবং রক্ষা পায়!

### চামার সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা চামার সম্প্রদায়ের মানুষদের জন্য প্রার্থণা করি। অনুগ্রহ করে তাদের আধ্যাত্মিক এবং বাস্তবিক চাহিদা মেটাতে অনেক খ্রিস্টান কর্মী পাঠান। অন্যরা তাদের অবজ্ঞা করলেও তারা আপনার ভালবাসা জানুক এবং তা গ্রহণ করুক। আমরা অলৌকিক কাজ করার জন্য এবং অনেককে যীশুর কাছে নিয়ে আসার জন্য পবিত্র আত্মার জন্য প্রার্থনা করি।


আরও তথ্যঃ দিল্লী | চামার সম্প্রদায়

*কারণ ঈশ্বর জগতকে এতটাই ভালোবাসলেন যে তিনি তাঁর এক এবং একমাত্র পুত্রকে দান করলেন, যাতে যে কেউ তাঁর ওপর বিশ্বাস রাখবে সে বিনষ্ট হবে না বরং  অনন্ত জীবন লাভ করবে।*
*- জন ৩:১৬*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

একজন বন্ধু বা পরিবারের কোন সদস্যের সাথে যীশুর প্রেমের গল্প শেয়ার করো।





# বাবা-মার কাছে পৌঁছে গেল সেই ছেলেটি যে প্রার্থণার মাধ্যমে সুস্থ হয়েছিল!

"আমাদের নেতাদের মধ্যে একজন যুবতী মেয়ে আছে যে এক প্রচুর বিত্তশালী মানুষের বাড়িতে কাজ করে।

ভগবানের কাজের এই গল্পটি সে আমাদের সঙ্গে শেয়ার করেঃ 'আমার সর্বোচ্চ মনিবের ছেলে খুব অসুস্থ হয়ে পড়ে এবং বেশ কিছুদিন ধরে সে খাওয়া দাওয়া করতে পারত না। তাই তার বাবা-মা তাকে ডাক্তারের কাছে নিয়ে গিয়েছিলেন। যখন তারা সেখানে ছিল, আমি তাদের সাথে দেখা করি, এবং আমি তাদের ছেলের জন্য প্রার্থণা করার অনুমতি চাই। আমার প্রার্থণা করার পর, তার ছেলে সঙ্গে সঙ্গে সুস্থ হয়ে ওঠে এবং আবার খাওয়া দাওয়া করতে শুরু করে, যা তার বাবা-মার মধ্যে এক গভীর ছাপ ফেলেছিল।"

'কয়েকদিনের মধ্যে মনিব আমাকে ফোন করেন এবং বলেন, "আমার স্ত্রী তোমার সঙ্গে কিছু সময় কাটাতে চায় কারণ সে যখন তোমার সঙ্গে কথা বলে, সে শান্তি অনুভব করে। তাই তোমাকে আমার বাড়িতে নিয়ে আসার জন্য আমরা তোমার কাছে একটি গাড়ি পাঠাচ্ছি।" তো আমি সেখানে গিয়েছিলাম কারণ আমি শিষ্য করতে চেয়েছিলাম, এবং তার স্ত্রী জানতে চেয়েছিলেনঃ "এই সবকিছু আসলে কি?" এটি আমাকে তার কাছে সুসংবাদটি শেয়ার করার সুযোগ তৈরি করে দেয়।"



# যীশুর দয়াঃ আনন্দ এবং সমবেদনা ভাগ করে নেওয়া

## বারাণসী শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত ভোই সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

বারাণসী গঙ্গা নদীর তীরে অবস্থিত একটি রহস্যময় শহর, যেখানে অনেক সুন্দর সুন্দর মন্দির এবং রঙিন সব উৎসব দেখতে পাওয়া যায়।

### শিশুরা কি করতে পছন্দ করে...

শ্রীনিবাস ঘুড়ি ওড়াতে পছন্দ করে, এবং আনিকা ঐতিহ্যবাহী ভারিতীয় লোকনৃত্য করতে পছন্দ করে।

## বারাণসীর জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

এই শহরের শিশুরা যেন যীশুকে প্রভু এবং ত্রাণকর্তা হিসাবে জানতে পারে। তাদের আধ্যাত্মিক চোখ খুলে দিন যেন তারা যীশুর স্বপ্ন এবং দর্শন দেখতে পায়। পুনরুজ্জীবনের একটি শক্তিশালী আগুন ছড়াতে শিশুদের ব্যবহার করুন। আপনার মহান নাম বারাণসী শহরের প্রতিটি কোণায় কোণায় পরিচিত হোক!

### প্রভু যীশু...

আমরা ২৫০,০০০ জন মুসলমানদের জন্য প্রার্থনা করি, যা এই শহরে বসবাসকারী জনসংখ্যার প্রায় ৩০%। তারা যেন আপনাকে শান্তির রাজকুমার হিসাবে জানতে পারে। তারা যেন একে অপরের সাথে শান্তিতে বসবাস করতে পারে।

### পবিত্র আত্মা...

পিতার মহিমা দেখাও ভোই জনগণকে। তাদের মধ্যে এমন কেউ নেই যে যীশুতে বিশ্বাস করে। ভগবান ভোই পরিবার এবং সম্প্রদায়ের মধ্যে সম্পর্ককে আশীর্বাদ করুন, শক্তিশালী করুন এবং নিরাময় করুন। তারা যেন অনুভব করে যে যারা যীশুকে ডাকে এবং তাঁর শরণাপন্ন হয় তিনি তাদের অফুরন্ত জীবন প্রদান করেন।

### ভোই সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা ভোই সম্প্রদায়ের মানুষদের জন্য প্রার্থনা করি তারা যেন যীশুর ভালবাসার জন্য নিজেদের উন্মুক্ত করতে পারে। সেখানে যেন তাদের সাথে সুসমাচার ভাগ করে নিতে ইচ্ছুক খ্রিস্টানরা থাকতে পারে।

আরও তথ্যঃ বারাণসী | ভোই সম্প্রদায়

*একে অপরের প্রতি সদয় ও সহানুভূতিশীল হও, একে অপরকে ক্ষমা করো, যেমন ঈশ্বর খ্রীষ্টের মধ্যে দিয়ে তোমাদের ক্ষমা করেছেন।*
*- এফেসীয়ানস ৪:৩২*



**কাজের মাধ্যমে প্রার্থণা!**

যার প্রয়োজন আছে এমন কারো জন্য সদয় আচরণ করো।





# ঈশ্বরের রাজ্যে জাতিপ্রথা বা বর্ণপ্রথা বলে কিছু হয় না!

"অন্য একটি গ্রামে, আমরা একজন নিম্ন-বর্ণের মহিলার সাথে দেখা করেছিলাম যিনি তার নিজের বাড়িতে গীর্জা শুরু করেছিলেন এবং তারপর তার আশেপাশের উচ্চ-বর্ণের লোকেদের মধ্যেও গীর্জা শুরু করেছিলেন।

সেই মহিলা যে এসব করতে পেরেছেন তা জেনে আমাদের সঙ্গে যেসব অন্যান্য ভারতীয়রা ছিলেন তারা সবাই হতবাক হয়ে গিয়েছিলেন। আমরা জেনেছিলাম যে, কিছু উচ্চ-বর্ণের লোকের নিরাময়ের জন্য তিনি প্রভুর কাছে প্রার্থণা করেছিলেন এবং প্রভু তাদেরকে সুস্থ করে দেন, তিনি কোন বর্ণ থেকে এসেছেন তা তারা চিন্তা করেনি।

ভগবানের সত্য এবং ক্ষমতা যে কোন দেওয়াল ভেঙে ফেলতে পারে!"



# ক্ষমা ভাগ করে নেওয়াঃ যীশুর উদাহরণ অনুসরণ করা

## কলকাতা শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত খান্ডেৎ সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

কলকাতা হল আনন্দের শহর, 'সিটি অফ জয়'। এখানকার মিষ্টি বিখ্যাত যেমন রসগোল্লা, এবং এখানে অসাধারণ সব সাজসজ্জা ও নাচগান সহ সাড়ম্বরে দুর্গাপূজা উদযাপন করা হয়।

### শিশুরা কি করতে পছন্দ করে...

আরিয়ান ফুটবল খেলতে পছন্দ করে, এবং রিয়া ছবি আঁকতে ও বিভিন্ন শিল্পকলা প্রদর্শনীতে ঘুরে বেড়াতে পছন্দ করে।

## কলকাতার জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আমরা কলকাতা শহরের জন্য প্রার্থনা করি। এই জায়গা থেকে মন্দ আত্মাদের তাড়িয়ে দিন এবং আপনার মহান ভালবাসার আলো সারা অঞ্চল জুড়ে ছড়িয়ে দিন। ভাঙা হৃদয় এবং জীবন নিরাময় করুন এবং লোকেদের আপনার কাছে ফিরিয়ে আনুন।

### প্রভু যীশু...

কলকাতার দরিদ্ররা যেন সুসংবাদটি শুনতে পায় এবং জানতে পারে যে আপনি তাদের ভালবাসেন।

### পবিত্র আত্মা...

মাদার টেরেসা এবং সমস্ত মিশনারিজ অফ চ্যারিটির ভালবাসার মাধ্যমে এই শহরকে আশীর্বাদ করার জন্য আপনাকে ধন্যবাদ। তাদের ভালবাসা যেন শহরের আরও অনেকের কাছে ছড়িয়ে পড়ে এবং তারা যেন ঈশ্বরের সন্তান হয়ে ওঠে।

### খান্ডেৎ সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা প্রার্থনা করি যেন খান্ডেৎ সম্প্রদায়ের মানুষেরা সুসংবাদটি শুনতে পায়। খ্রিস্টানরা যেন তাদের বন্ধু হয়ে ওঠে কারণ তারা তাদের সাথে যীশুর ভালবাসা ভাগ করে নেবে।

আরও তথ্যঃ কলকাতা | খান্ডেৎ সম্প্রদায়

*যদি তোমাদের কারো বিরুদ্ধে অভিযোগ থাকে তাহলে একে অপরকে সহ্য করো এবং একে অপরকে ক্ষমা করো। ক্ষমা করো যেমন প্রভু তোমাদেরকে ক্ষমা করেছেন। - কোলোসীয়ানস ৩:১৩*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

যে তোমাকে আঘাত করেছে তাকে ক্ষমা করে দাও এবং সৌজন্যতা দেখাও।





৪র্থ দিন

# আশা ভাগ করে নেওয়াঃ যীশু, অন্ধকারে আমাদের আলো

## মুম্বাই শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত রাজপুত সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

মুম্বাই হল স্বপ্নের শহর যেখানে বিশাল বিশাল আকাশচুম্বী ইমারত, বিখ্যাত চলচ্চিত্র তারকা এবং সুস্বাদু স্ট্রিট স্ন্যাকস বড়া পাও রয়েছে।

### শিশুরা কি করতে পছন্দ করে...

বিরাট রাস্তায় ক্রিকেট খেলতে পছন্দ করে, এবং আলিশা সমুদ্রসৈকতে যেতে পছন্দ করে।

## মুম্বাই-এর জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

মুম্বাই শহর যীশুর অনুগামীতে ভরে যাক! আমরা প্রার্থনা করি যে যত বেশি সংখ্যক মানুষ আপনার সন্তান হয়ে উঠবে, তত বেশী বাড়ি গির্জাগুলি বিশ্বাসীদের সংখ্যাবৃদ্ধি করবে এবং তারা যাদের সাথে দেখা করবে তাদের সাথে আপনার ভালবাসার সুসংবাদ জানাতে উৎসাহিত থাকবে। সুসমাচারটি যেন দাবানলের মতো ছড়িয়ে পড়ে।

### প্রভু যীশু...

মুম্বাইয়ের লোকেদেরকে সাহায্য করুন তারা যেন আপনাকে তাদের স্রষ্টা হিসেবে জানতে পারে, যিনি তাদের বিশেষ করে তুলেছেন। তারা যেন একে অপরকে গ্রহণ করে, বন্ধু হয় এবং একে অপরের প্রতি সদয় হয়। তাদের সম্প্রদায়ের মধ্যে যেন ঐক্য ও ভালবাসা অটুট থাকে।

### পবিত্র আত্মা...


আমরা প্রার্থনা করি যে আপনি মুম্বাইয়ের চলচ্চিত্র প্রযোজকদের স্পর্শ করবেন যাতে তারা এমন সব সিনেমা বানায় যেখানে ভাল নৈতিক মূল্যবোধ থাকে যা মানুষকে সঠিকভাবে বাঁচতে শেখায়। আপনার ভালবাসা দিয়ে তাদের পূর্ণ করুন। মুম্বাইয়ের লোকেদের সেখানকার প্রাচীন ভবনগুলির যত্ন নিতে এবং প্রশংসা করতে গাইড করুন। তারা যখন পরিকল্পনা করে এবং নতুন কিছু তৈরি করে তখন তাদের সাহায্য করুন।

### রাজপুত সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা প্রার্থনা করি রাজপুতরা যেন রাজাদের রাজা যীশুকে জানতে পারে। তারা যেন যীশুর রাজপরিবারের সদস্য হয়।

আরও তথ্যঃ মুম্বাই | রাজপুত সম্প্রদায়

*আলো অন্ধকারকে উজ্জ্বল করে তোলে, এবং অন্ধকার তা কাটিয়ে উঠতে পারেনি।*
*- জন ১:৫*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

কাউকে উৎসাহ বা সমর্থন করে তাঁর মধ্যে আশা জাগ্রত করো।





# ভারতের রেলস্টেশনে থাকা শিশুদের সাথে ঈশ্বরের ভালবাসা ভাগ করা...

“আমরা রেল স্টেশনে থাকা শিশুদের নিয়ে যে কাজ হয় তা পরিদর্শন করেছি, এই সামাজিক কাজটি বিভিন্ন শহরে শুরু হয়েছে। সারা ভারতবর্ষ জুড়ে রেল স্টেশনগুলিতে প্রায় দশ হাজারেরও বেশি পরিত্যক্ত শিশু থাকে। চুরি-ডাকাতি, ধর্ষণ এবং মারধরের ভয়ে তারা সাধারণত সারা দিনরাতের মধ্যে মাত্র ২-৩ ঘন্টা ঘুমায়।”

“এই সমস্ত শিশুদের বাড়িতে স্থানান্তরিত করার জন্য ভোজপুরী মুভমেন্ট কাজ শুরু করেছে। যখন তারা প্রথম আসে, অধিকাংশ শিশুই এতটাই ক্লান্ত থাকে যে তারা প্রথম সপ্তাহ শুধু খাওয়া আর ঘুমানো ছাড়া আর কিছুই করে না। উদ্ধারকর্মীরা শিশুদের প্রথমে বিশ্বাস করতে শেখায় এবং তাদেরকে ট্রমা থেকে বের হতে সাহায্য করে এবং তাদেরকে তাদের পরিবারের কাছে ফিরিয়ে নিয়ে যায়। তারা সেইসব শিশুদের পরিবারকেও যথেষ্ট সাহায্য করে যাতে শিশুদের যত্ন করতে পারে, অথবা শিশুদের পরিচিত কোন পরিবারের সাথে তাদের থাকার ব্যবস্থা করে পালক বা ফস্টার হোম হিসেবে।”

“এই পরিষেবার মাধ্যমে প্রতিনিয়ত প্রচুর শিশুরা আসছে। দুইজন শিশুর বাড়িতে, যখন তারা তাদের নিজের ভাষায় ঈশরের প্রেমের গান গাইছিল তখন, আমাদের প্রায় গলা বুজে এসেছিল।”



# বন্ধুত্ব ভাগ করে নেওয়াঃ যীশু, আমাদের চিরকালের বন্ধু

## বেঙ্গালুরু শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত তামিল মুসলিম সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

বেঙ্গালুরু একটি দুর্দান্ত প্রযুক্তি শহর যেখানে অসাধারণ আবহাওয়া, জমকালো পার্ক এবং ক্রিকেটের প্রতি ভালবাসা ও মুখরোচক ধোসা পাওয়া যায়।

### শিশুরা কি করতে পছন্দ করে...

আরমান ব্যাডমিন্টন খেলতে পছন্দ করে, এবং আয়েশা ঐতিহ্যবাহী তামিল খাবার রান্না করতে পছন্দ করে।

## বেঙ্গালুরুর জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আমরা বেঙ্গালুরুর শিশুদের জন্য প্রার্থণা করি, যা দক্ষিণ ভারতের কর্ণাটক রাজ্যের রাজধানী শহর। তারা যেন আপনার কণ্ঠস্বর শুনতে পায়।

### প্রভু যীশু...

আমরা আপনাকে ধন্যবাদ জানাই, এখানকার প্রচুর আইটি কোম্পানিগুলির কারণে ইউরোপ এবং এশিয়া থেকে বহু মানুষ এই শহরে কাজ করতে আসে এবং বসবাস করে। তারা যেন বিশ্বাসীদের মধ্যে বন্ধুত্ব এবং ভালোবাসা খুঁজে পায়।

### পবিত্র আত্মা...


আপনি বেঙ্গালুরুকে অনেক পার্ক এবং প্রচুর সবুজ জায়গা সহ একটি গার্ডেন সিটি বা বাগান শহর বানিয়েছেন। মানুষ যেন এই জগতের সৃষ্টিকর্তাকে চিনতে পারে। খ্রিস্টান সম্প্রদায় যেন এই শহরের মানুষের কাছে পৌঁছায়। সকলের সাথে আপনার ভালবাসা এবং শান্তির বার্তা শেয়ার করতে তাদের সাহায্য করুন।

### তামিল মুসলিম সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা তামিল মুসলিমদের জন্য প্রার্থনা করি। তাদের মধ্যে এমন কেউ নেই যে যীশুতে বিশ্বাস করে। আমরা বিশ্বাসীদের জন্য প্রার্থনা করি যারা তাদের ভালোবাসবে এবং শিষ্য তৈরি করতে শুরু করবে।


আরও তথ্যঃ বেঙ্গালুরু | তামিল মুসলিম সম্প্রদায়

*এর চেয়ে বড় ভালবাসার আর কেউ নেই: যে বন্ধুদের জন্য নিজের জীবন বিলিয়ে দেয়।*
*- জন ১৫:১৩*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

যীশু যেমন আমাদের কাছে, ঠিক তেমনই যার প্রয়োজন তার কাছে একজন ভালো বন্ধু হয়ে ওঠো।





# পাপী থেকে সর্বোচ্চ চার্চ স্থাপনকারী!

“আমরা পুরো একটা দিন এমন একজন মানুষের সঙ্গে কাটাই যে প্রচুর পরিমাণে মদ্যপ ছিল এবং দু’জন মানুষকে হত্যা করেছিল। প্রভু অসীম ক্ষমতাবলে তাকে রক্ষা করেছিলেন। সেই মানুষটি ১০০-র বেশি গীর্জা স্থাপন করতে সাহায্য করেছিলেন যেগুলির প্রত্যেকটিতে নিজস্ব নেতা রয়েছে - এবং তাদের মধ্যে অনেক মহিলা নেত্রীও রয়েছে।”

“তিনি বর্তমানে ৮২ জন নেতা-র (গীর্জা স্থাপনকারী যারা তাদের বাড়ির গীর্জা-র বাইরে স্বতন্ত্র গীর্জা স্থাপন করেছেন) সঙ্গে কাজ করছেন, যারা প্রত্যেকে নিজেরা ১ থেকে ৩০ টিরও বেশি গীর্জা স্থাপন করেছেন। এই সংখ্যাটি সেইসব নেতাদের গণণা করে না যাদের তিনি তৈরি করেছিলেন, তারা এখন তাদের নিজস্ব নেতৃত্বের দল নিয়ে এই প্রক্রিয়াটির পুনরাবৃত্তি করে চলেছেন। এই মানুষটি এবং তার দলগুলি এমন তিনজনের গল্প সবার সাথে ভাগ করে নিয়েছে যারা প্রার্থণার পর পুনরায় জীবিত হয়েছিলেন....”

ঈশ্বর একজন মানুষকে রক্ষা করেছিলেন যাতে শতাধিক গীর্জা স্থাপন করা যায়।



৬ষ্ঠ দিন

# কৃতজ্ঞতা ভাগ করে নেওয়াঃ তাঁর আশীর্বাদের জন্য যীশুকে ধন্যবাদ দেওয়া

## ভোপাল শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত পানিকা সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

ভোপালে সুন্দর হ্রদ রয়েছে যেখানে তোমরা বোটিং করতে যেতে পার এবং এটি সুস্বাদু পোহা এবং নির্মল ভ্যান বিহার জাতীয় উদ্যানের জন্য পরিচিত।

### শিশুরা কি করতে পছন্দ করে...

রোহান সাইকেল চালাতে এবং প্রকৃতির মধ্যে ঘুরে বেড়াতে পছন্দ করে, অপরদিকে মায়া গান করতে এবং পারফর্ম করতে পছন্দ করে।

## ভোপালের জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আমরা ভোপালে বসবাসকারী সকল মানুষের জন্য প্রার্থনা করি। তাদের আধ্যাত্মিক চোখ খুলে দিন এবং তাদের দেখান যে আপনিই সেই যিনি তাদের ভালোবাসেন এবং তাদের মুক্তি দিয়েছেন। তারা যেন আপনাকে তাদের প্রভু এবং ত্রাণকর্তা হিসাবে জানতে পারে।

### প্রভু যীশু...

আমরা আপনাকে ধন্যবাদ জানাই এই শহরের জন্য, এখানে একটি বিখ্যাত মসজিদ রয়েছে যেখানে সারা ভারতবর্ষ থেকে লোকেরা প্রার্থনা করতে আসে। তারা যেন আপনাকে এমন একজন বন্ধু হিসেবে জানতে পারে যে ভাইয়ের চেয়েও কাছাকাছি থাকে এবং সেই প্রশান্তি অনুভব করতে পারে যা শুধুমাত্র আপনিই দিতে পারেন।

### পবিত্র আত্মা...


আমরা এই শহরের সুন্দর সবুজ এবং হ্রদের জন্য আপনাকে ধন্যবাদ জানাই। এই শহরের মানুষেরা যেন চারপাশের প্রকৃতির সৌন্দর্যের মধ্যে তোমাকে খুঁজে পায়।

### পানিকা সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা পাণিকা সম্প্রদায়ের মানুষদের জন্য প্রার্থনা করি যাদের মাধ্যে ৯৯.৮% হিন্দু। তারা যেন উন্মুক্ত হৃদয়ে যীশুর প্রেমের সুসংবাদটি গ্রহণ করতে পারে।

আরও তথ্যঃ ভোপাল | পানিকা সম্প্রদায়

*প্রভুকে ধন্যবাদ দাও, কারণ তিনি মঙ্গলময়। তার ভালবাসা চিরকাল স্থায়ী হয়।*
*- সাম ১০৭:১*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

তোমার জীবনের আশীর্বাদের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিয়ে একটি নোট লেখো।





৭ম দিন

# বিশ্বাস ভাগ করে নেওয়াঃ আমাদের জীবনের সঙ্গে যীশুকে বিশ্বাস করা

## জয়পুর শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত গুজ্জর সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

জয়পুর হল 'গোলাপী শহর', এখানে হাওয়া মহল-এর মতন অনেক প্রাসাদ রয়েছে, এবং তোমরা এখানে হাতিতে চড়তে পার এবং দূর্গগুলি ঘুরে দেখতে পার।

### শিশুরা কি করতে পছন্দ করে...

যশ ঐতিহ্যবাহী ঢোলক নিয়ে রাজস্থানী সঙ্গীত বাজাতে পছন্দ করে, এবং নিশা নাচের ক্লাস করতে পছন্দ করে।

## জয়পুরের জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

জয়পুর শহরের সকল মানুষের জন্য আমরা প্রার্থনা করি। তাদের স্বপ্ন এবং দর্শনে নিজেকে প্রকাশ করুন। তারা যেন আপনাকে খুঁজে পেতে আপনার কাছেই আসে। আপনাকে চিনতে পারার পর তাদের যেন সত্যি সত্যিই অনুতাপ হয়।

### প্রভু যীশু...

এই শহর যেন মসজিদগুলির উপর হওয়া অনেক নৃশংস হামলা থেকে নিজেকে পুনরুদ্ধার করতে পারে। তারা যেন আপনার ভালবাসা জানতে পারে।

### পবিত্র আত্মা...

আমরা এই "গোলাপী শহর", এখানকার বিল্ডিংগুলির ট্রেডমার্ক রঙ যা অনেক পর্যটকদের আকৃষ্ট করে তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। যীশুর ভালবাসার সুসংবাদটি যেন এই শহরে নিয়ে আসা হয় এবং তা যেন অনেকের দ্বারা গৃহীত হয়।

### গুজ্জর সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা গুজ্জরদের জন্য প্রার্থনা করি যাদের মধ্যে মুসলিম ও হিন্দু উভয় ধর্মের মানুষ রয়েছে। কোন খ্রিস্টান নেই। প্রভু তাদের মধ্যে শিক্ষক পাঠান যারা তাদের সঙ্গে বসবাস করতে এবং যীশু সম্পর্কে তাদের শিক্ষা দিতে পারবে।

আরও তথ্যঃ জয়পুর | গুজ্জর সম্প্রদায়

*তোমার সমস্ত হৃদয় দিয়ে প্রভুতে বিশ্বাস করো এবং তোমার নিজের বোধশক্তির ওপর নির্ভর কোরো না।*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

প্রার্থণা করো এবং তোমার উদ্বেগ ও চিন্তা নিয়ে ঈশ্বরের ওপর বিশ্বাস রাখো।





# গর্ভবতী মা ও তার আহত প্রার্থনা-রা সুস্থ হয়ে উঠেছিল!

“একটি এলাকায়, একজন গর্ভবতী মহিলার প্রচুর জটিলতা ছিল, এবং তার ডাক্তার তাকে বলেছিলেন, ‘সম্ভবত সে আর বাচঁবে না।’ আমাদের দুইজন নেতা তার জন্য প্রতিদিন প্রার্থণা করেছিলেন কারণ প্রভু তাদের নেতৃত্ব দিয়েছিলেন।”

“দ্বিতীয় দিন, যখন তারা প্রার্থণা করার জন্য হাসপাতালে যাচ্ছিলেন, সেই সময় তারা স্কুটার থেকে পড়ে যান এবং চোট-আঘাত পান। তারা একে অপরকে বলেছিলেন, ‘এটা খারাপ, কিন্তু চল যাই এবং আগে প্রার্থণা করি, তারপর ফিরে এসে আমরা কিছু প্রাথমিক চিকিৎসা করাব।’ যখন তারা প্রার্থণা শেষ করেন এবং ফিরে যেতে উদ্যত হন তখন তাদের শরীরে কোনরকম আঘাতের চিহ্নমাত্র ছিল না! তারা সম্পূর্ণ সুস্থ হয়ে গিয়েছিলেন!”

“পুরো চার দিন ধরে, তারা প্রতিদিন মহিলাটির জন্য প্রার্থণা করেন, তারপর বলেন, ‘আগামীকাল সকালে, সবকিছু ঠিক হয়ে যাবে।’ এবং ঠিক সেটাই হয়েছিল; সবকিছু ঠিক হয়ে গিয়েছিল। মহিলা সম্পূর্ণ সুস্থ হয়ে গিয়েছিলেন এবং স্বাভাবিক প্রসব করেছিলেন, যা সুসংবাদটির জন্য দরজা খুলে দিয়েছিল।”



৮ম দিন

# শান্তি ভাগ করে নেওয়াঃ যীশুর মধ্যে সান্ত্বনা খোঁজা

## অমৃতসর শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত পাঞ্জাবী সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

অমৃতসর স্বর্ণ মন্দির-এর জন্য বিখ্যাত, একটি চকমকে উপাসনার স্থান এবং সেখানে সুস্বাদু লঙ্গর খাবার পরিবেশিত হয়।

### শিশুরা কি করতে পছন্দ করে...

জয় ঢোল বাজাতে এবং ভাংড়া নাচে অংশগ্রহণ করতে পছন্দ করে, অন্যদিকে সিমরন স্বর্ণ মন্দির পরিদর্শন করতে পছন্দ করে।

## অমৃতসরের জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আপনি স্বর্গ ও মর্ত্যের প্রভু। আমরা প্রার্থনা করি যে অমৃতসর শহরের লোকেরা আপনার মুখোমুখি হবে এবং আপনার অনুগামী হবে। সেখানকার যীশু-অনুগামীদের সাহস দিন যেন তারা যখনই সুযোগ পায় অন্যদের জন্য আপনার প্রতি তাদের বিশ্বাস ভাগ করে নিতে পারে। এটি আপনার প্রতি বিশ্বস্ত, বিশ্বাসীদের শহর হয়ে উঠুক!

### প্রভু যীশু...

শিখ লোকেরা যারা তাদের বিখ্যাত গোল্ডেন টেম্পলে প্রার্থনা করে তারা যেন আপনার ভালবাসা আবিষ্কার করে এবং আপনার মধ্যে তাদের আসল পরিচয় খুঁজে পায়।

### পবিত্র আত্মা...

অন্যদের সাথে খাবার ভাগ করে নেওয়ার জন্য পরিচিত অমৃতসরের মানুষদের ভালবাসার জন্য আপনাকে ধন্যবাদ। তারা আপনাকে আবিষ্কার করুক কারণ তারা তাদের সাথে দেখা প্রত্যেকের প্রতি ভালবাসা এবং দয়া দেখায়। আপনার কাছ থেকে ভালবাসা আসুক। তারা যেন আপনার ভালবাসার জন্য উন্মুক্ত হতে পারে।

### পাঞ্জাবী সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা প্রার্থনা করি পাঞ্জাবি জাঠ (শিখ)-রা যীশুর ভালবাসার জন্য উন্মুক্ত হতে পারে। সেখানে যেন ইচ্ছুক খ্রিস্টানরা থাকে যারা তাদের সাথে সুসমাচার ভাগ করে নিতে পারে।

আরও তথ্যঃ অমৃতসর | পাঞ্জাবী সম্প্রদায়

*আমি তোমার কাছে শান্তি রেখে যাচ্ছি; আমার শান্তি আমি তোমাকে দিচ্ছি। আমি তোমাকে দেই না যেমন পৃথিবী দেয়। তোমার হৃদয়কে অস্থির হতে দিও না এবং ভয় পেও না।*
*- জন ১৪:২৭*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

যে দুঃখ পেয়েছে বা উদ্বিগ্ন এমন কাউকে শান্তি এবং সান্ত্বনা খুঁজে পেতে সাহায্য করো।





# যীশু আমার ভাইয়ের মানসিক অসুখ নিরাময় করেছেন

“আমার বড় ভাইয়ের একটি গুরুতর মানসিক সমস্যা ছিল এবং আমরা তাকে নিয়ে বহু ডাক্তার দেখিয়েছিলাম কিন্তু কোন ফল হয়নি, সে সুস্থ হয়নি।”

“তারপর আমরা এক যাজকের কথা শুনলাম এবং এটাও শুনেছিলাম যে তার গীর্জায় বহু মানুষ সুস্থ হয়ে গিয়েছেন। আমি আমার ভাইকে এই মানুষটির কাছে নিয়ে গিয়েছিলাম, এবং প্রার্থণা শুরু করার এক ঘন্টার মধ্যেই, সে সম্পূর্ণ সুস্থ হয়ে গিয়েছিল!”

“এই খ্রিস্টান ফেলোশিপের সাক্ষ্যগুলি সুসমাচার ভাগ করে নিতে এবং সম্পর্ক গড়ে তুলতে সাহায্য করেছে যাতে আরও অনেকে যীশুর কাছে আসতে পারে।”





# উদারতা ভাগ করে নেওয়াঃ যীশুর মত দান করা

## প্রয়াগরাজ শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত হিন্দি নাঈ সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

প্রয়াগরাজ হল সেই জায়গা যেখানে পবিত্র গঙ্গা, যমুনা এবং সরস্বতী নদী মিলিত হয়েছে এবং এখানেই কুম্ভ মেলা উৎসব হয়।

### শিশুরা কি করতে পছন্দ করে...

ভিভান কাবাডি খেলতে পছন্দ করে, এবং পূজা গঙ্গার ধারে ধর্মীয় অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পছন্দ করে।

## প্রয়াগরাজের জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

অন্যান্য লক্ষাধিক যীশু-অনুগামীদের প্রার্থণার সাথে, আমরা আজ প্রয়াগরাজ শহরকে আপনার কাছে তুলে ধরছি! আমরা এই শহরের উপর আপনার শক্তি প্রদর্শনের জন্য অনুরোধ করছি, যা এই শহরের সমস্ত লোককে আপনার প্রতি বিশ্বাসে আনতে সাহায্য করে।

### প্রভু যীশু...

লক্ষ লক্ষ মানুষ যারা এই শহরে আসেন তারা যেন সত্যটি জানতে পারে - যে আপনি তাদের ভালবাসেন এবং আপনিই তাদের পাপের মূল্য পরিশোধ করেছেন।

### পবিত্র আত্মা...


আপনার ভালবাসা প্রবাহিত হতে দিন যাতে লোকেরা একে অপরের সাথে দয়া এবং শ্রদ্ধার সাথে আচরণ করে। আপনার ভালবাসার বার্তার জন্য তাদের আরও হৃদয় উন্মুক্ত হোক। ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু প্রয়াগরাজে জন্মগ্রহণ করেছিলেন সেইজন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই। অনুগ্রহ করে এই শহরের শিশুদের সুস্থ ও জ্ঞানী নেতা হওয়ার জন্য আশীর্বাদ করুন। তাদের আপনাকে জানতে এবং আপনাকে অনুসরণ করতে গাইড করুন।

### হিন্দি নাঈ সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা হিন্দি নাঈ সম্প্রদায়ের মানুষদের জন্য প্রার্থনা করি যাদের মধ্যে ৯৯.৯% হিন্দু। ভারতীয় খ্রিস্টানরা তাদের সাথে যীশুর ভালবাসা ভাগ করে নিতে ইচ্ছুক হোক।

আরও তথ্যঃ প্রয়াগরাজ | হিন্দি নাঈ সম্প্রদায়

*তোমাদের প্রত্যেকেরই সেটাই দেওয়া উচিত যা তোমরা মন থেকে দেওয়ার জন্য সিদ্ধান্ত নিয়েছ, অনিচ্ছায় বা বাধ্য হয়ে নয়, কারণ ঈশ্বর একজন প্রফুল্ল দাতাকে ভালবাসেন।*
*- ২ করিন্থীয় ৯:৭*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

যাদের প্রয়োজন তাদেরকে খেলনা, জামাকাপড় অথবা খাবার দান করো।





# সাহস ভাগ করে নেওয়াঃ যীশুতে দৃঢ়ভাবে অবস্থান করা

## মথুরা শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত জাঠ সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

মথুরা হল ভগবান শ্রী কৃষ্ণের জন্মস্থান, এবং এখানে তোমরা রঙিন হোলি উৎসব দেখতে পাবে এবং মিষ্টি দুধের খাবার উপভোগ করতে পারবে।

### শিশুরা কি করতে পছন্দ করে...

কৃষ্ণ উৎসবের সময় ভগবান কৃষ্ণের মত সাজতে পছন্দ করে, এবং রাধা ভক্তিমূলক গান গাইতে পছন্দ করে।

## মথুরার জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আমরা আজ মথুরা সহ তিনটি শহরে প্রার্থণার পদযাত্রার জন্য প্রার্থণা করি। খ্রিস্টানদের উপর আপনার পবিত্র কর্মশক্তি ঢেলে দিন যারা সেখানে মানুষদের হয়ে প্রার্থণা করছেন।

### প্রভু যীশু...

আপনি উত্তরপ্রদেশ রাজ্যের শহর মথুরার মানুষকে ভালোবাসেন। তারা বিশ্বাস করেন যে এই শহরে জন্মগ্রহণকারী ভগবান শ্রীকৃষ্ণ, মন্দ ও শক্তিশালী রাজা কংসের হাত থেকে পৃথিবীকে রক্ষা করবেন। তারা যেন জানতে পারে যে আপনি, যীশু, শয়তানের শক্তি নষ্ট করতে এসেছেন এবং সমস্ত মন্দ থেকে মুক্তি দিতে এসেছেন।

### পবিত্র আত্মা...


যে শহরগুলিতে খ্রিস্টানরা প্রার্থণার পদযাত্রা করবে সেখানকার মানুষরা যেন পুনরুজ্জীবন, নিরাময়, লক্ষণ এবং বিস্ময় দেখতে পায়! এই মথুরা শহরের সমস্ত লোক যেন আপনাকে প্রভু হিসাবে জানতে পারে।

### জাঠ সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

জাঠ সম্প্রদায়ের মানুষ যেন যীশুর আলো খুঁজে পায়, তাঁর ভালোবাসা অনুভব করে এবং তাঁকে তাদের পরিত্রাতা হিসেবে গ্রহণ করে।

আরও তথ্যঃ মথুরা | জাঠ সম্প্রদায়

*শক্তিশালী এবং সাহসী হও। তাদের কারণে ভয় পেয়ো না বা ভীত হয়ো না, কারণ প্রভুর জন্য তোমাদের ঈশ্বর তোমাদের সঙ্গে রয়েছেন। তিনি তোমাকে ছেড়ে যাবেন না এবং তোমাকে ভুলে যাবেন না।*
*- ডিউটেরোনমি ৩১:৬*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

যেটা ঠিক তার পক্ষে দাঁড়াও, এমনকি তা যদি কষ্টকর বা জনপ্রিয় নাও হয় তবুও।





# শশী - প্রার্থনার মাধ্যমে পুনরায় জীবন ফিরে পেয়েছিল!

"প্রায় ১২ বছর আগে, শশী জ্বরে অসুস্থ ছিল। তার বাবা-মা তাকে হাসপাতালে নিয়ে গিয়েছিল। দুই দিন পর, তার অবস্থা অত্যন্ত সঙ্কটজনক হয়ে পড়ে। পরে ডাক্তাররা তার বাবা-মাকে বলেন, 'আপনার মেয়ে মারা গেছে।"

"যখন তারা মৃতদেহটি দেখেন, শশীর মা চিৎকার করে কাঁদতে শুরু করেন। তার বাবা বলেন, 'কেঁদো না। এস প্রার্থণা করি।"

"সুতরাং শশীর মৃতদেহের পাশে হাঁটু গেঁড়ে বসলেন, এবং প্রার্থণা করতে শুরু করলেন। ১০ মিনিট পরে, তারপর হঠাৎ তারা শশীর হেঁচকি শুনতে পান এবং দেখেন সে আবার শ্বাস-প্রশ্বাস নিতে শুরু করেছে। তারা ডাক্তারকে পরীক্ষা করার জন্য ডেকে পাঠান। তিনি বলেন, 'ও সম্পূর্ণ সুস্থ হয়ে গেছে! ওর আর কোন চিকিৎসার কোন দরকার নেই। আপনারা এখন ওকে বাড়িতে নিয়ে যেতে পারেন।"

"সে আইসিইউ-তে গিয়েছিল প্রচন্ড জ্বর নিয়ে প্রায় মৃত অবস্থায়, কিন্তু সেখান থেকে বেরিয়ে আসে সম্পূর্ণ সুস্থ হয়ে এবং বাড়ি ফিরে আসে। প্রভু ভোজপুরীদের মধ্যে যে অনেকগুলি অলৌকিক কাজ করেছেন এটি তার একটি উদাহরণ।"



# সত্য ভাগ করে নেওয়াঃ সুঃসংবাদটি ছড়িয়ে দেওয়া

## শিলিগুড়ি শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত ছেত্রী সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

শিলিগুড়ি চা-বাগান দ্বারা পরিবেষ্টিত, এবং তোমরা বিভিন্ন জন্তু-জানোয়ার দেখার জন্য এখানকার জোরপখরি বন্যপ্রাণী অভয়ারণ্য পরিদর্শন করতে পার।

### শিশুরা কি করতে পছন্দ করে...

আশিস ঐতিহ্যবাহী নেপালি বাদ্যযন্ত্র বাজাতে পছন্দ করে, এবং সুস্মিতা গল্প বলতে এবং পড়তে পছন্দ করে।

## শিলিগুড়ির জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

শিলিগুড়ি শহরটি আশার আশ্রয়স্থল হয়ে উঠুক এবং এখানকার মানুষ আপনাকে চিনতে শুরু করুক। সেখানকার উদ্বাস্তু কেন্দ্রগুলি একটি পুনরুজ্জীবনের অভিজ্ঞতা লাভ করুক, আরও বেশি বাড়ি গীর্জা তৈরি হোক এবং আরও প্রসারিত হোক, যারা আপনার ভালবাসার সত্যতা জানার জন্য ক্ষুধার্ত সেইসব মানুষদেরকে আরও বেশী করে আকৃষ্ট করুক!

### প্রভু যীশু...

বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা যেন আপনাকে খুঁজতে এবং আপনাকে খুঁজে পাওয়ার স্বাধীনতা পায়। আপনার ভালবাসা সমস্ত প্রতিবেশী দেশে ছড়িয়ে পড়ুক।

### পবিত্র আত্মা...

হিমালয়ের পাদদেশের চা বাগানগুলির জন্য আপনাকে ধন্যবাদ জানাই যা এই শহরটিকে এখানকার চা, কাঠ এবং পর্যটনের জন্য বিখ্যাত করেছে।

### ছেত্রী সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা ছেত্রী সম্প্রদায়ের মানুষদের জন্য আপনাকে ধন্যবাদ জানাই। ভারতীয় বিশ্বাসীরা যেন তাদের মধ্যে শিষ্য বানানোর আহ্বান শুনতে পায়।

আরও তথ্যঃ শিলিগুড়ি | ছেত্রী সম্প্রদায়

*অতএব যাও এবং সমস্ত জাতিকে শিষ্য করো, পিতা এবং পুত্র এবং পবিত্র আত্মার নামে তাদের ব্যাপ্টাইজ করো। - ম্যাথু 28:19*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

একজন বন্ধুর সাথে বাইবেলের একটি গল্প অথবা কবিতা শেয়ার করো এবং তার অর্থ ব্যাখ্যা করো।





# অলৌকিক ঘটনা এখনও ঘটে!

“একটি বাড়ির গীর্জার মিটিংয়ে আমরা অংশ নিয়েছিলাম, সেখানকার নেতারা একটি আট বছর বয়সী লাজুক মেয়েকে উঠে দাঁড়াতে বলেন। মেয়েটি মারা গিয়েছিল এবং একটি দল তার জন্য প্রার্থণা করার পর আবার বেঁচে উঠেছিল।”

“সেই একই গীর্জায়, একজন মানুষ তার অন্ধত্ব থেকে মুক্তি পেয়েছিলেন এবং একজন মহিলা ক্যান্সার থেকে সেরে উঠেছিলেন।

তারা এই অলৌকিক ঘটনাগুলিকে স্বাভাবিক হিসেবে নিয়েছিল; ভগবান বাইবেলে এইভাবেই কাজ করেছিলেন, সুতরাং আজকেও তিনি অবশ্যই সেই একইভাবে কাজ করবেন।”



১২তম দিন

# নম্রতা ভাগ করে নেওয়াঃ যীশুর মত অন্যদের সেবা করা

## উজ্জয়ন শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত রাজপুত সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

উজ্জয়ন শিপ্রা নদীর তীরে অবস্থিত একটি আধ্যাত্মিক শহর, যা কুম্ভমেলা এবং প্রাচীন মন্দিরগুলির জন্য পরিচিত।

### শিশুরা কি করতে পছন্দ করে...

হর্ষ স্থানীয় মেলা ও উৎসবে অংশগ্রহণ করতে পছন্দ করে, এবং রানি ঐতিহ্যবাহী রাজপুত পোশাকে সাজতে পছন্দ করে।

## উজ্জয়নের জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আমরা আজ উজ্জয়ন এবং অন্যান্য তিনটি শহরে প্রার্থণার পদযাত্রার জন্য প্রার্থণা করি। সেখানে যীশু-অনুগামীরা ঈশ্বরের উপস্থিতি এবং শক্তি অনুভব করুক, যা খারাপ আত্মাদের তাড়িয়ে দেয়।

### প্রভু যীশু...

এই উজ্জয়ন শহরের মানুষ আপনার জন্য তাদের প্রয়োজন সম্পর্কে সচেতন হোক। আপনিই পথ, সত্য ও জীবন। অনেকেই যেন আজ আপনাকে জানতে পারে!

### পবিত্র আত্মা...


উজ্জয়ন শহরকে রূপান্তরিত করুন তা যেন সেখানে বসবাসকারী লোকেদের জন্য আশা এবং ভাল জিনিস নিয়ে আসে।

### রাজপুত সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা অনেক খ্রিস্টানদের জন্য প্রার্থনা করি তারা যেন উজ্জয়নের রাজপুত লোকেদের সাথে যীশুর নতুন জীবন সম্পর্কে সুসংবাদটি ভাগ করে নেওয়ার সুযোগ পায়।

আরও তথ্যঃ উজ্জয়ন | রাজপুত সম্প্রদায়

*কারণ এমনকি মনুষ্যপুত্রও সেবা পেতে আসেননি, বরং সেবা করতে এবং অনেকের মুক্তির মূল্য হিসেবে নিজের জীবন দিতে এসেছেন।*
*- মার্ক ১০:৪৫*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

বিনিময়ে কিছু পাওয়ার আশা না করে কাউকে সাহায্য করো।





১৩তম দিন

# শক্তি ভাগ করে নেওয়াঃ যীশুর মধ্যে শক্তি খুঁজে নেওয়া

## কানপুর শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত আনসারী সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

কানপুর শহর অনেক ইতিহাসের সাক্ষী বহন করে, এবং তোমরা কানপুর সংগ্রহালয় যাদুঘরে সেইসব ইতিহাস সম্পর্কে জানতে পারবে।

### শিশুরা কি করতে পছন্দ করে...

আরিফ তার বন্ধুদের সাথে ক্রিকেট খেলা উপভোগ করতে পছন্দ করে, এবং সানা ঐতিহ্যবাহী ভারতীয় শাস্ত্রীয় নৃত্য শিখতে পছন্দ করে।

## কানপুরের জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আমরা আজ কানপুর শহরের জন্য প্রার্থণা করি। লোকেরা যেন সত্য জানতে পেরে আপনার সামনে মাথা নত করে। আমরা প্রার্থণা করি যে যীশু-অনুগামীরা যেন তাদের পরিবার এবং বন্ধুদের সাথে তাদের বিশ্বাস ভাগ করে নেওয়ার জন্য সাহসী হয়। আপনি আমাদের সমস্ত প্রশংসার যোগ্য!

### প্রভু যীশু...

কানপুরের সৃজনশীল মানুষদের জন্য ধন্যবাদ। তারা তাদের স্থাপত্য, বাগান, পার্ক এবং সূক্ষ্ম মানের চামড়া, প্লাস্টিক এবং বস্ত্রজাত পণ্যের জন্য বিখ্যাত, যা প্রধানত পশ্চিমের দেশগুলিতে রপ্তানি করা হয়। তারা যেন জানতে পারে যে তুমিই তাদের বিশেষ করেছ।


### পবিত্র আত্মা...

যীশুর ভালবাসার জ্ঞান দিয়ে শিশু এবং পরিবারগুলিকে পূর্ণ করুন।

### আনসারী সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা আনসারী সম্প্রদায়ের মানুষদের জন্য প্রার্থণা করি। যীশুর আলো যেন তাদের সম্প্রদায়ের মধ্যে প্রজ্বলিত হয় এবং তাদেরকে ঈশ্বরের রাজ্যে নিয়ে আসতে সাহায্য করে।

*যিনি আমাকে শক্তি দেন তাঁর মাধ্যমেই আমি সব কিছু করতে পারি।*
*- ফিলিপিয়ানস ৪:১৩*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

দুর্বল বা নিরুৎসাহিত বোধ করছে এমন কাউকে উৎসাহিত করো।



আরও তথ্যঃ কানপুর | আনসারী সম্প্রদায়



# পক্ষাঘাতগ্রস্ত ব্যক্তির নিরাময় পথ দেখিয়েছে!

"যখন আমি বিশ্ববিদ্যালয়ে পড়তাম, সেই সময়ে কুমোর গোত্রীয় দুটি ছেলের সঙ্গে আমার বন্ধুত্ব হয়। তারা শিখ ধর্মের একটি শাখা অনুসরণ করছিল।"

তারা তাদের ধর্মের খুব কট্টর অনুগামী ছিল। আমি সুসংবাদ সম্পর্কে যা যা বলতাম সেসব তারা কিছুতেই শুনতে চাইত না।

তারপর হঠাৎ একদিন তাদের বাবা অসুস্থ হয়ে পড়েন এবং পক্ষাঘাতগ্রস্ত হয়ে যান। আমার বন্ধু এবং আমি তার জন্য টানা এক সপ্তাহ ধরে প্রার্থণা করি, এবং তিনি সম্পূর্ণ সুস্থ হয়ে ওঠেন।"

"সুস্থ হয়ে ওঠার পর, তাদের বাবা বলেন, 'প্রত্যেক সোমবার আমরা এখানে মিলিত হব এবং প্রার্থণা করব।' ধীরে ধীরে সেই প্রার্থণা দলটি ওই উপজাতি গোষ্ঠীর মধ্যে একটি উপাসক সম্প্রদায়ে পরিণত হয়েছিল। বার্তাটি যত ছড়িয়ে পড়তে লাগল এবং মানুষ প্রশিক্ষিত হয়ে উঠতে লাগল, আরও অনেক উপাসক সম্প্রদায় তৈরি হওয়া শুরু হল। সেই দলের মধ্যে তাদের এখন ২০ টি ফেলোশিপ রয়েছে।"



১৪তম দিন

# জ্ঞান ভাগ করে নেওয়াঃ যীশুর শিক্ষা থেকে শেখা

## লখনোউ শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত কুহমার সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...
লখনউ হল নবাবদের একটি শহর, এখানকার মুখরোচক কাবাব বিখ্যাত এবং তোমরা এখানকার বড় ইমামবাড়ার সুন্দর স্থাপত্য দেখে অবাক হয়ে যাবে।

### শিশুরা কি করতে পছন্দ করে...
রমেশ মকর সংক্রান্তি উৎসবে ঘুড়ি ওড়াতে পছন্দ করে, এবং মীনা ঐতিহ্যবাহী লখনোউ-ই রান্না করতে পছন্দ করে।

## লখনোউ–এর জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...
আমরা উত্তর ভারতের উত্তর প্রদেশ রাজ্যের রাজধানী শহর লখনোউকে আশীর্বাদ করি। এই শহরে আপনার আলো জ্বলে উজ্জ্বল হয়ে ছড়িয়ে পড়ুক এবং লোকেরা যেন আপনার ডাক শুনতে পায়।

### প্রভু যীশু...
আপনি এই শহরটিকে এর বিখ্যাত রেলস্টেশন দিয়ে অনন্য করে তুলেছেন। লোকেরা যেন ভ্রমণের সময় সেইসব মানুষদের দেখা পায় যারা আপনাকে ভালবাসে এবং আপনার ভালবাসা ভাগ করে নেয়।

### পবিত্র আত্মা...
সিসিটিভি স্থাপন করে এই শহরে অপরাধ কমাতে সাহায্য করার জন্য আপনাকে ধন্যবাদ। এটি এখন দেশের অন্যতম নিরাপদ শহর। আপনার শান্তি যেন অনেককে আপনিই যে শান্তির রাজকুমার, যীশু তা জানতে সাহায্য করে।

### কুহমার সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা
আমরা কুহমারদের জন্য প্রার্থনা করি যারা অনেক দেবতার পূজা করে। তারা যেন জানতে পারে যে একজনই সত্য ঈশ্বর আছেন এবং তারা যেন চিরতরে রক্ষা পায়।

আরও তথ্যঃ লখনোউ | কুহমার সম্প্রদায়

*যে কেউ আমার এই কথাগুলো শোনে এবং সেগুলোকে কাজে লাগায়, সে একজন জ্ঞানী লোকের মত, যে পাথরের উপর তার বাড়ি তৈরি করেছিল।*
*- ম্যাথিউ ৭:২৪*



### কাজের মাধ্যমে প্রার্থণা!
বাইবেলের একটি গল্প বা কবিতা পড়ো এবং একজন বন্ধুর সাথে এটা নিয়ে আলোচনা করো।





# যীশু আমার স্ত্রীকে সুস্থ করেছেন; আমরা এখন তাকে অনুসরণ করি

“আমি একটি উচ্চ-বর্ণের পরিবারে জন্মেছি।”

“এক রাতে, আমার স্ত্রী হঠাৎ ঘুম থেকে উঠে বসে চিৎকার শুরু করে, ‘দয়া করে আমাকে বাঁচাও; কেউ আমাকে কেটে ফেলতে চাইছে এবং পুড়িয়ে মারতে চাইছে।’ শীঘ্রই পুরো গ্রাম আমাদের বাড়ির সামনে জড়ো হয়।”

“আমরা ওঝাদের ডেকে পাঠালাম, কিন্তু কিছুই সেই যন্ত্রণা লাঘব করতে পারেনি। পুরোহিতও কিছু করতে পারেননি। ডাক্তারকে জানালেন, আমার স্ত্রীর কোনরকম শারীরিক সমস্যা নেই।”

“আমরা পাশের গ্রাম থেকে একজন খ্রীস্টান পাদ্রীকে ডেকে পাঠালাম।

“তিনি প্রার্থণা করলেন, এবং যখন তিনি বললেন ‘আমেন’, আমার স্ত্রী সঙ্গে সঙ্গে শান্ত হয়ে গিয়েছিল। সমস্ত গ্রামবাসী, সেই ওঝা, এবং সেই পুরোহিত সবাই ঘটনাটা দেখেছিল।

সেই দিন আমি প্রভু যীশুকে অনুসরণ করার সিদ্ধান্ত নিয়েছিলাম। আমি এবং আমার স্ত্রী এখন বাকি পরিবারগুলিতে শান্তি আনার জন্য একসঙ্গে কাজ করে চলেছি।”



১৫তম দিন

# একতা ভাগ করে নেওয়াঃ যীশুর মত অন্যদেরকে ভালোবাসুন

## হায়দ্রাবাদ শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত তেলেগু ব্রাহ্মণ সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

হায়দ্রাবাদ শহরটি মশলাদার বিরিয়ানি-র জন্য বিখ্যাত, এছাড়াও রয়েছে চারমিনার স্মৃতিস্তম্ভ এবং আশ্চর্যজনক রামোজি ফিল্ম সিটি।

### শিশুরা কি করতে পছন্দ করে...

আদিত্য বীনায় ঐতিহ্যবাহী কর্ণাটিক সঙ্গীত বাজাতে পছন্দ করে, এবং প্রিয়া ভারতীয় শাস্ত্রীয় নৃত্য শিখতে পছন্দ করে।

## হায়দ্রাবাদের জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আমরা এই বড় শহর হায়দ্রাবাদের জন্য প্রার্থনা করি। এখানকার লোকেদের আপনার ভালবাসা সম্পর্কে জানতে এবং যীশুকে অনুসরণ করার জন্য আপনার আহ্বান শুনতে সাহায্য করুন।

### প্রভু যীশু...

যেহেতু হায়দ্রাবাদের লোকেরা সুন্দর সুন্দর মসজিদ এবং মন্দিরে প্রার্থনা করে এবং তারা হীরা এবং মুক্তা নিয়ে ব্যবসা করে, তাই যেন তারা জানতে পারে যে আপনার কাছে তারা ঐসব রত্নগুলির চেয়েও অনেক বেশি মূল্যবান। আপনি ক্রুশবিদ্ধ হয়ে তাদের জীবনের জন্য মূল্য পরিশোধ করেছেন।

### পবিত্র আত্মা...

আপনি সমৃদ্ধ সংস্কৃতি এবং ইতিহাস দিয়ে এই শহর পূর্ণ করেছেন। তাদের স্টুডিও থেকে ভালো সিনেমা তৈরি করার জ্ঞান দিন। হায়দ্রাবাদের শিশুদের এবং তাদের পরিবারগুলিকে আপনার ভালবাসা এবং দিকনির্দেশের মাধ্যমে আশীর্বাদ করুন। তারা সুখী এবং সুস্থ, স্বাচ্ছন্দ্য এবং শান্তিতে ঈশ্বরের প্রকৃত পথ জানার জন্য বেড়ে উঠুক।

### তেলেগু ব্রাহ্মণ সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা তেলেগু ব্রাহ্মণের জন্য প্রার্থনা করি যাতে তারা ঈশ্বরের কথার সত্য জানার জন্য ক্ষুধার্ত হয়।

*একটি নতুন আদেশ আমি তোমাকে দিচ্ছি: একে অপরকে ভালবাসুন। আমি যেমন তোমাদের ভালোবেসেছি, তোমাদেরও একে অপরকে ভালোবাসতে হবে।*
*- জন ১৩:৩৪*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

এমন কাউকে সাথে নাও যে নিজেকে আলাদা বা একাকী বোধ করছে।



আরও তথ্যঃ হায়দ্রাবাদ | তেলেগু ব্রাহ্মণ সম্প্রদায়



১৬তম দিন

# ধৈর্য্য ভাগ করে নেওয়াঃ যীশুর মত ঈশ্বরের সময়কে বিশ্বাস করা

## আমেদাবাদ শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত ভীল সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

আমেদাবাদ একটি প্রাণবন্ত শহর যেখানে রঙিন ঘুড়ি, সুস্বাদু ঢোকলা পাওয়া যায় এবং এখানেই রয়েছে সবরমতী আশ্রম, যেখানে গান্ধীজী থাকতেন ।

### শিশুরা কি করতে পছন্দ করে...

ধবল ভীল উপজাতীয় নৃত্যে অংশগ্রহণ করতে পছন্দ করে, এবং দীপিকা ঐতিহ্যবাহী ভীল শিল্পকর্ম তৈরি করতে পছন্দ করে।

## আমেদাবাদের জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আমরা আজ আপনার কাছে আমেদাবাদ শহরকে তুলে ধরলাম! এখানকার মানুষের হৃদয়কে সুসমাচারটি শোনার জন্য ক্ষুধার্ত এবং উন্মুক্ত হতে সাহায্য করুন। এখানে যীশু-অনুগামীরা সেই অঞ্চলগুলিতে আপনার নাম প্রকাশ করার জন্য বেড়ে উঠুক। সর্বকনিষ্ঠ শিশু থেকে শুরু করে বয়স্ক দাদু-দিদা পর্যন্ত সকলেই যেন আপনার কাছে তাদের জীবন দিতে এবং আপনাকে চিরকাল অনুসরণ করার সিদ্ধান্ত নেয়।

### প্রভু যীশু...

আমেদাবাদের লোকেরা যখন আপনাকে আবিষ্কার করবে তখন যেন তারা জানতে পারে যে আপনি কে। তাদের হৃদয় আপনার সম্পর্কে এবং নিজেদের সম্পর্কে জানতে উন্মুক্ত হোক।

### পবিত্র আত্মা...

আপনি অনেক সৃজনশীলতা এবং সংস্কৃতির বৈচিত্র্য দিয়ে আমেদাবাদ শহরকে পূর্ণ করেছেন। লোকেরা যেন একে অপরের প্রতি দয়া এবং শ্রদ্ধার সাথে আচরণ করে, একে অপরের প্রতি আপনার ভালবাসা প্রদর্শন করে।

### ভীল সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা ভীলদের জন্য প্রার্থনা করি যেন তারা যীশুকে জানার এবং অনুসরণ করার সুযোগ পায়।

আরও তথ্যঃ আমেদাবাদ | ভীল সম্প্রদায়

*প্রভুর জন্য অপেক্ষা করো; দৃঢ় হও এবং মনে জোর আনো এবং প্রভুর জন্য অপেক্ষা কর।*
*- সাম ২৭:১৪*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

মন খারাপ না করে কোন কিছুর জন্য শান্তভাবে ধৈর্য্য ধরে অপেক্ষা করার অনুশীলন করো।





# বোবা ছেলে হালেলুইয়া গাওয়ার পর গীর্জা বাড়তে থাকে!

“এক দম্পতি তাদের যমজ ছেলেদের নিয়ে যোগ দেয় এক বিধবার বাড়ির ফেলোশিপ দলে যোগ দেয়। তাদের মধ্যে একটি ছেলে কথা বলতে পারত না।”

“আমরা ছেলেটির জন্য প্রার্থণা করতে শুরু করি। তার প্রথম শব্দ ছিল ‘হ্যালেলুইয়া’-র কিছু অংশ। তারপর সে ধীরে ধীরে পুরো শব্দটি বলতে শুরু করে এবং খুব শ্রীঘ্রই সে কথা বলতে শুরু করে। সে সম্পূর্ণ সুস্থ হয়ে গেছে!”

“এই নিরাময়ের খবর প্রায় দাবানলের মত ছড়িয়ে পড়ে, এবং বহু মানুষ সেই বিধবার বাড়িতে আসতে শুরু করে প্রার্থণার জন্য এবং নিরাময়ের জন্য।”

“ফেলোশিপটি পরবর্তী দুই মাসের মধ্যে সংখ্যায় দ্বিগুণ হয়ে যায়।”



# প্রার্থণা ভাগ করে নেওয়াঃ আমাদের বন্ধু, যীশুর সাথে কথা বলা

## শ্রীনগর শহরের জন্য প্রার্থণা করা – বিশেষত কাশ্মীরী সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

ডাল লেকের উপর ভেসে থাকা সুন্দর হাউসবোট সহ শ্রীনগর একটি জাদুকরী জায়গা, এবং তোমরা এখানে শিকারা চড়ে ঘুরে ঘুরে সুন্দর বাগান দেখতে পারবে।

### শিশুরা কি করতে পছন্দ করে...

আরিজ সুন্দর উপত্যকায় ক্রিকেট খেলতে পছন্দ করে, এবং জারা জটিল কাশ্মীরি হস্তশিল্প তৈরি করতে পছন্দ করে।

## শ্রীনগরের জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আমরা উত্তর ভারতে অবস্থিত জম্মু ও কাশ্মীর কেন্দ্রশাসিত অঞ্চলের গ্রীষ্মকালীন রাজধানী সুন্দর শহর শ্রীনগরের জন্য প্রার্থনা করি। লোকেদের আপনার ভালবাসা সম্পর্কে জানতে এবং আপনাকে অনুসরণ করতে সহায়তা করুন। তাদের শুনতে দিন যে আপনি তাদের সঙ্গে স্বপ্ন ও দর্শনের মাধ্যমে কথা বলছেন।

### প্রভু যীশু...

শ্রীনগরের যে সমস্ত লোকেরা হাউসবোটে বাস করে বা মুসলিম ঐতিহ্য অনুসরণ করে, তাদেরকে জানতে দিন যে আপনার দৃষ্টিতে তারা স্পেশাল। আপনার সম্পর্কে জানতে এবং আপনাকে অনুসরণ করার জন্য তাদের হৃদয় উন্মুক্ত হোক।

### পবিত্র আত্মা...

এই শহরের লোকেরা যারা এগিয়ে যায় না, তারা একে অপরের প্রতি দয়া এবং শ্রদ্ধার সাথে আচরণ করার জন্য অভিষিক্ত হোক, একে অপরের প্রতি আপনার ভালবাসা প্রদর্শন করুক। আপনার ভালবাসা এবং নির্দেশ দিয়ে শ্রীনগরের শিশুদের এবং তাদের পরিবারগুলিকে আশীর্বাদ করুন। তাদের সুখী এবং সুস্থভাবে বেড়ে উঠতে, তাদের জীবনে আপনার ভালবাসা জানার জন্য ক্ষমতায়ন করুন। আপনাকে অনুসরণ করতে এবং আপনার মধ্যে শান্তি খুঁজে পেতে তাদের গাইড করুন।

### কাশ্মীরী সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা কাশ্মীরী জনগণের মধ্যে বিশ্বাসীদের জন্য প্রার্থনা করি তারা যেন খ্রিস্টান হওয়ার কারণে খারাপ আচরণ পাওয়া সত্ত্বেও যীশুর ভালবাসা ভাগ করে নেওয়ার জন্য সাহসী হতে পারে।

*কোন কিছুর জন্য উদ্বিগ্ন হবে না, কিন্তু প্রতিটি পরিস্থিতিতে, প্রার্থনা এবং অনুরোধের মাধ্যমে, ধন্যবাদ সহ, ঈশ্বরের কাছে তোমার অনুরোধগুলি উপস্থাপন করো।*
*- ফিলিপিয়ানস ৪:৬*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

একজন বন্ধু বা পরিবারের সদস্যের জন্য প্রার্থণা করো যার সমর্থন এবং সাহায্য প্রয়োজন।



আরও তথ্যঃ শ্রীনগর | কাশ্মীরী সম্প্রদায়



# ঈশ্বর একটি ছেলেকে জীবিত করার পর সে পুনরুজ্জীবন পেয়েছিল

“ভিহান হল একজন খ্রীস্টান নেতা যিনি উত্তর ভারতের প্রায় ২০০ টিরও বেশী গ্রামে চার্চ প্রতিষ্ঠা করেছেন। সেইসঙ্গে তিনি আরও অন্যান্য যাজক ও নেতাদের প্রশিক্ষণ দিয়েছেন।

“একবার, তিনি একটি শিশুর জন্য প্রার্থণা করেছিলেন, যে কয়েক ঘন্টার জন্য মারা গিয়েছিল। কিন্তু ভিহান তার গায়ে হাত রেখেছিলেন এবং প্রার্থণা করেছিলেন, তারপর ঈশ্বর শিশুটির জীবন ফিরিয়ে দিয়েছিলেন।”

“এই অত্যাশ্চর্য অলৌকিক ঘটনার পরে, বহু মানুষ প্রভু যীশুর কাছে এসেছিল এবং শুধুমাত্র শারীরিক রোগমুক্তিই নয় বরং অনন্ত জীবন লাভ করেছিল।”



১৮তম দিন

# আনন্দ ভাগ করে নেওয়াঃ যীশুর ভালোবাসা এবং পরিত্রাণ উদযাপন

## চার ধাম তীর্থস্থানের জন্য প্রার্থণা করা – বিশেষত বাউরি সম্প্রদায়ের মানুষদের জন্য

### এই জায়গাটা কিরকম...

চার ধাম চারটি পবিত্র স্থান নিয়ে গঠিত - বদ্রীনাথ, কেদারনাথ, গঙ্গোত্রী এবং যমুনোত্রী, এবং অসাধারণ সুন্দর হিমালয় পর্বত দ্বারা পরিবেষ্টিত।

### শিশুরা কি করতে পছন্দ করে...

ফরিদ ঘোড়ায় চড়ে পাহাড়ে ঘুরে বেড়াতে পছন্দ করে, এবং সাহার ঐতিহ্যবাহী আইমাক নৃত্যে অংশগ্রহণ করতে পছন্দ করে।

## চার ধামের জন্য আমাদের প্রার্থণা

### স্বর্গীয় পিতা...

আমরা আজ হিন্দু চার ধামের চারটি তীর্থস্থানের জন্য প্রার্থনা করি। এই জায়গাগুলিতে যেন অবিশ্বাসীরা আপনাকে এত বেশি মাত্রায় জানতে পারে যা ভারতে আগে কখনও দেখা যায়নি! এই শহরগুলিতে পুনরুজ্জীবন শুরু হোক এবং তা বহুদূর পর্যন্ত ছড়িয়ে পড়ুক, যতক্ষণ না ভারতের প্রতিটি অঞ্চল আপনার নাম শোনে। আমরা আজ এবং প্রতিদিন আপনার প্রশংসা করি।

### প্রভু যীশু...

লোকেরা যখন তীর্থযাত্রায় ভারতের চার কোণে ভ্রমণ করবে, আমরা প্রার্থনা করি যে তারা যেন তখন আপনাকেও আবিষ্কার করে। তাদের হৃদয় আপনার সম্পর্কে জানার জন্য উন্মুক্ত হোক এবং আপনাকে তাদের পরিত্রাতা হিসাবে অনুসরণ করার জন্য বেছে নিক।

### পবিত্র আত্মা...

তীর্থযাত্রীরা যেন সত্যিকারের ঈশ্বরকে খুঁজে পান যিনি স্বর্গ ও মর্ত্য সৃষ্টি করেছেন। তারা যেন স্বপ্ন দেখতে পারে এবং স্বপ্নে যীশুর দর্শন দেখতে পারে। তাদের আধ্যাত্মিক ক্ষুধা আপনার মধ্যে পরিতৃপ্ত হোক। যাদের অবশ্যই পাহাড়ে আরোহণ করতে হবে এবং নদীতে স্নান করতে হবে আমরা সেইসব তীর্থযাত্রীদের নিরাপত্তার জন্য প্রার্থনা করি।

### বাউরি সম্প্রদায়ের মানুষদের জন্য বিশেষ প্রার্থনা

আমরা বাউরি সম্প্রদায়ের মানুষদের জন্য প্রার্থনা করি যাদের মধ্যে ৯৯.৫৬% হিন্দু। তারা যেন যীশুর প্রেমের সুসংবাদটি শুনতে পায় এবং খোলা হৃদয়ে সাড়া দিতে পারে।

আরও তথ্যঃ চার ধাম | বাউরি সম্প্রদায়

*কিন্তু যারা আপনার আশ্রয় নেয় তারা সবাই আনন্দ করুক; তাদের আনন্দে গান গাইতে দিন। তাদের উপরে আপনার সুরক্ষা ছড়িয়ে দিন, যাতে যারা আপনার নাম ভালবাসে তারা আপনার সাথে আনন্দ করতে পারে।*
*- সাম ৫:১১*



### কাজের মাধ্যমে প্রার্থণা!

একটি আনন্দদায়ক গান গাও অথবা একটি কিছু তৈরি করো যা যীশুর প্রতি তোমার কৃতজ্ঞতা প্রকাশ করবে।



# হিন্দু

## শিশুদের প্রার্থণা গাইড

## ১৮ দিনের প্রার্থণা

WWW.110CITIES.COM

# ধন্যবাদ

হিন্দু জনজাতির উদ্দেশ্যে আমাদের প্রার্থণায় যোগদান করার জন্য।

খবর এবং পরবর্তী প্রার্থণা গাইডের জন্য এখানে সাইন আপ করুন




**প্রার্থণা গাইডের ছবিগুলি -** অনুগ্রহ করে মনে রাখবেন এই প্রার্থণা গাইডে যে সমস্ত ছবি ব্যবহার করা হয়েছে সেগুলি সবই ডিজিটাল পদ্ধতিতে তৈরি এবং শুধুমাত্র অলঙ্করণের জন্য ব্যবহৃত। এই ছবিগুলি কোনভাবেই নিবন্ধে উল্লিখিত ব্যক্তিদের সঙ্গে সম্পর্কিত নয়।